সংবাদ

তারিখ 07 DEC 2005
পৃষ্ঠা - ১৬ কলাম ১

পলিটেকনিক শিক্ষক সমিতি

# ৩১ ডিসেম্বরের মধ্যে ১০ দফা দাবি না মানলে কঠোর কর্মসূচি

নিজস্ব বার্তা পরিবেশক

পলিটেকনিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর কাছে আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে তাদের ১০ দফা দাবি মেনে নেয়ার আহ্বান জানিয়েছেন। এ সময়ের মধ্যে দাবি মানা না হলে বৃহত্তর আন্দোলন কর্মসূচি ঘোষণা করা হবে বলে তারা জানিয়েছেন।

গত সোমবার সকালে দেশের ৩৮টি সরকারি পলিটেকনিক ও ৩টি মনোটেকনিক ইনস্টিটিউট প্রাঙ্গণে অধ্যক্ষসহ সব শূন্যপদ পূরণ, মূল বেতনের ৪০ ভাগ দ্বিতীয় শিফটের সম্মানী দেয়া, ছাত্রছাত্রীদের বৃত্তি কোটা ও পরিমাণ বৃদ্ধিসহ ১০ দফা দাবি আদায়ের লক্ষ্যে নিজ নিজ প্রতিষ্ঠান প্রাঙ্গণে শিক্ষক সমাবেশ হয়েছে। এছাড়া বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ সমাবেশ শেষে শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব, মহাপরিচালক ও চেয়ারম্যানের কাছে স্মারকলিপি দিয়েছেন।

দাবি আদায়ের লক্ষ্যে সমাবেশে আরও কর্মসূচি ঘোষণা করা হয়। এর মধ্যে রয়েছে আগামী ১২ ডিসেম্বর প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিবের কাছে স্মারকলিপি দেয়া। ১৭ ডিসেম্বর ঢাকা ও শাখা কমিটি কর্তৃক সাংবাদিক, শিক্ষক, রাজনীতিবিদ, সরকারি কর্মকর্তা ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে গণসংযোগ।